

সমকাল

চারঘাটে ২ শিক্ষককে তুলে নেওয়ার পর একজনকে মুক্তি

১১ ঘণ্টা আগে

রাজশাহী ব্যুরো

জেলার চারঘাটে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য পরিচয়ে দুই কলেজ শিক্ষককে তুলে নিয়ে যাওয়ার অভিযোগ উঠেছে। পরে চোখ বেঁধে একজনকে পাবনার দাসুরিয়ায় ছেড়ে দিলেও অন্যজনকে এখনও পাওয়া যায়নি। শনিবার বেলা পৌনে ১১টার দিকে চারঘাট উপজেলার অনুপমপুর উচ্চ বিদ্যালয়ের সামনে এ ঘটনা ঘটে।

অপহৃত দুই কলেজ শিক্ষক হলেন চারঘাটের রায়পুর গ্রামের আসমত আলীর ছেলে ডাকরা ডিগ্রি কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রভাষক বজরুল ইসলাম এবং ইংরেজি বিভাগের প্রভাষক শফিকুর রহমান উজ্জ্বল। তাদের মধ্যে বজরুলকে ছেড়ে দেওয়া হয়।

বজরুল ইসলাম সাংবাদিকদের জানান, কলেজের ক্লাস শেষে মোটরসাইকেলে চারঘাটে যাচ্ছিলেন তিনি ও তার সহকর্মী শফিকুর রহমান উজ্জ্বল। তারা চারঘাট-আড়ানী সড়কের অনুপমপুর উচ্চ বিদ্যালয়ের সামনে পৌঁছালে একটি কালো রঙের মাইক্রোবাসে থাকা কয়েকজন আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্য পরিচয় দিয়ে তাদের পথরোধ করে। এরপর ওই মাইক্রোবাসে উঠিয়ে চোখ বেঁধে ফেলে এবং তাদের ফোন কেড়ে নেয়।

বজরুল জানান, তাকে ছেড়ে দিলেও উজ্জ্বলকে কোথায় নিয়ে গেছে, তা তিনি বুঝতে পারছেন না। তারা আসলে কোনো সংস্থার লোক ছিল কি-না, সে বিষয়েও অনিশ্চিত তিনি।

অপহৃত আরেক কলেজ শিক্ষক শফিকুর রহমান উজ্জ্বলের ছোট ভাই মিলন জানান, তার ভাইকে ঠিক কী কারণে

বা কারা উঠিয়ে নিয়ে গেছেন, তা বোধগম্য নয়।

চারঘাট মডেল থানার ওসি নজরুল ইসলাম বলেন, 'উজ্জ্বল কটরপন্থি মুসলিম এবং আহলে হাদিসের সঙ্গে যুক্ত ছিলেন বলে শুনেছি। কলেজ কর্তৃপক্ষের মৌখিক অভিযোগের ভিত্তিতেই কাজ শুরু করেছে পুলিশ। সম্ভাব্য সব জায়গায় তার খোঁজ নেওয়া হচ্ছে।'

রাজশাহী র‍্যাব-৫-এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মাহাবুবুল আলম জানান, পুলিশ আগেও তাকে জিহাদি বইসহ গ্রেফতার করেছিল বলে শুনেছি। তবে র‍্যাব এ ধরনের কোনো অভিযান ওই এলাকায় পরিচালনা করেনি।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার। প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০। ইমেইল: info@samakal.com